ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৪০৮

আগরতলা,২৮ এপ্রিল,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''সামান্য বৃষ্টিতে গোমতী জেলা হাসপাতাল নরক গুলজার,'' এই শিরোনামে গত ২৩ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত এবং ''প্রবল বৃষ্টিতে জলমগ্ন গোমতী জেলা হাসপাতাল,'' এই শিরোনামে গত ২২ এপ্রিল, ২০২৫ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই পরিপ্রেক্ষিতে গোমতী জেলা হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ২১ এপ্রিল, ২০২৫ রাতে ভারী বৃষ্টিপাতের ফলে হাসপাতালের ওয়ার্ডের ছাদ থেকে জল এসে মেঝেতে জমে যায়। বর্ষার সময়ে ইতিপূর্বেও এই সমস্যা দেখা দিয়েছিল। উক্ত বিষয়টি হাসপাতালের আর.কে.এস সভায় জানানো হয়। পাশাপাশি পি.ডব্লিউ.ডি বিভাগের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (আর অ্যান্ড বি) এর সাথে যোগাযোগ করা হয়। গতকাল পুনরায় উক্ত সমস্যার সমাধানের জন্য উদয়পুর, এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, পি.ডব্লিউ.ডি (আর অ্যান্ড বি)কে চিঠি দেওয়া হয়েছে।

*****